

প্রযুক্তি বিশ্ব



গত ২২ অক্টোবর জাপানের শীর্ষস্থায়ী ইলেকট্রনিক্স পণ্য নির্মাতা শার্পের কর্মী ইউরি তোশিওকা ডিজিটাল ক্যামেরার একটি নতুন প্রোটোটাইপ প্রদর্শন করেন। এই ক্যামেরায় কন্টিনিউয়াস গ্রেইন সিলিকন টেকনোলজীর একটি নব উদ্ভাবিত টেকনোলজী ব্যবহৃত হবে-যার ফলে এতে সিপিইউ ও এলএসআই থাকবে ইন্টিগ্রেটেড অবস্থায় থাকবে। এলসিডি ডিসপ্লের ঠিক নিচেই। এই টেকনোলজীতে তারা অচিরেই 'শিট কম্পিউটার' তৈরি করবে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।
ছবি-এএফপি

গত ২৫ অক্টোবর মালয়শিয়ার কুয়ালালামপুরে ক্যাননের এক পণ্যের উদ্বোধনী অনুষ্ঠানে মডেলরা ক্যাননের নতুন ডিজিটাল ক্যামেরা প্রদর্শন করেন। ইন্টারন্যাশনাল ডাটা কর্পোরেশনের ডিজিটাল ইমেজিং এনালিষ্ট জানান শুধু ২০০১ সালেই বিশ্বব্যাপী ক্যাননের ১৫.৭ মিলিয়ন ডিজিটাল ক্যামেরা বিক্রি হয়েছে। ক্যানন আশা করছে ২০০২ সালে বিক্রির এই পরিমাণ হবে ২৮.৬ মিলিয়ন।
ছবি-এএফপি



ভিজুয়াল বেসিকে আরজিবি চ্যানেল ইফেক্ট ও নেগেটিভ ইফেক্ট

ফটোশপে বা পেইন্টশপে চমৎকার এবং অভিনব সব ফিল্টারিং দেখে আমরা চমৎকার হই। একটি সাধারণ ইমেজকে অসাধারণ করে তুলতে ফিল্টারিং অতুলনীয়। Visual basic-এ এধরনের যৎ সামান্য কিছু ইফেক্ট দেবার মত একটি প্রোগ্রামের কোডিং নিয়ে এখানে আলোচনা করব। যেসব ইফেক্ট নিয়ে এখানে আলোচনা করব সেগুলো হ'লঃ

i) RGB Channel effect, ii) Negative effect

আরজিবি চ্যানেল ইফেক্ট

তিনটি Scrollbar যোগ করুন। এদের নাম দিন red, green, blue এবং সবগুলোর max=255, min=0 করে দিন। দুটো picture box যোগ করুন। নাম দিন pic1, pic2। pic1-এর জন্য Picture property থেকে একটি ছবি সিলেক্ট করুন। একটি button যোগ করুন। এবারে নিচের কোডগুলো লিখুন।

```
Private Sub Command1_Clicko()
```

```
Dim x3, m As Integer, n As Integer, S1 As Integer, s2 As Integer
```

```
For m = 0 To pic1. width Step 15
```

```
Mouse Pointer = 11
```

```
For n = 0 To pic1. Height Step 15
```

```
x3 = Pic1.Point (m,n)
```

```
pic2.PSet (m,n), x3+RGB (red. Value, green.
```

```
Value, blue. Value)
```

```
Do Events
```

```
Next n
```

```
Do Events
```

```
Next m
```

```
MousePoiter = 0
```

```
End Sub
```

অতঃপর প্রোগ্রামটি রান করে বটনটিতে ক্লিক করুন।



নেগেটিভ ইফেক্ট

দুটো picture box যোগ করুন। নাম দিন pic1, pic2। pic1-এর জন্য Picture Property থেকে একটি ছবি সিলেক্ট করুন। একটি button যোগ করুন। একটি লেবেল এভাবে নিচের কোডগুলো লিখুন।

```
Private Sub Command1_Click()
```

```
Labell.Visible = True
```

```
For i = 0 To pic1. Width step 15
```

```
Labell. Caption = Int (i*100)/pic1.width) & “%”
```

```
For j = 0 To pic1. Height Step 15
```

```
MousePointer = 11
```

```
Imagel.Visible = False
```

```
x2 = pic1.Point (i,j)
```

```
pic2.Draw mode = 4
```

```
Pic2.Pset (i,j), x2
```

```
Do Events
```

```
Next j
```

```
Do Events
```

```
Next i
```

```
MousePointer = 0
```

```
Image1.Visible = True
```

```
Label1.Visible = False
```

```
End Sub
```

অতঃপর প্রোগ্রামটি রান করে বাটনটিতে ক্লিক করুন।

তথ্যপ্রযুক্তি ডেস্ক